জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)
ডিপ্লোমা ইন প্রাইমারি এডুকেশন (ডিপিএড) বোর্ড
ময়মনসিংহ।

সংশোধিত

পরিমার্জিত ডিপিএড (প্রাথমিক শিক্ষকদের জন্য মৌলিক প্রশিক্ষণ- বিটিপিটি) পরীক্ষা, ২০২৬ পরিচালনা নির্দেশাবলী

১. পরিমার্জিত ডিপিএড (প্রাথমিক শিক্ষকদের জন্য মৌলিক প্রশিক্ষণ-বিটিপিটি) পরীক্ষা, ২০২৬ এর কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে গোপনীয় কাজে ব্যবহারের জন্য একটি ইমেইল হিসাব খুলে আগামী ১৭/০৯/২০২৬ খ্রি. তারিখের মধ্যে napebtptresult@gmail.com এবং dpedboard82@gmail.com ই-মেইলে প্রেরণ করতে হবে।

২. পিটিআই সুপারিনটেনডেন্ট নিজে উক্ত ই-মেইল পরিচালনা করবেন এবং পরীক্ষা সংক্রান্ত গোপনীয়তা বজায় রাখবেন। এক্ষেত্রে কোনো ব্যত্যয় ঘটলে তিনি এবং সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীগণ ব্যক্তিগতভাবে দায়ী হবেন। উক্ত ই-মেইলে Password Protected ডকুমেন্ট আদান প্রদানের বিষয়ে পরীক্ষার পূর্বেই অনুশীলন (Practice) করা হবে।

৩. **প্রতি পরীক্ষার দিন সকাল ৭:৩০ থেকে ৮:০০ টার মধ্যে পাসওয়ার্ড প্রটেক্টেড ই-মেইলে নেপ হতে প্রশ্নপত্র প্রেরণ করা হবে। এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন।**

৪. পরীক্ষা আরম্ভ হওয়ার পূর্বে প্রত্যবেক্ষকগণ উত্তরপত্রে লেখার নিয়মাবলী পরীক্ষার্থীদের বুঝিয়ে দিবেন।

৫. উত্তরপত্রে কভার পৃষ্ঠায় কোড নম্বর লেখার ঘরে পরীক্ষার্থীগণ কিছুই লিখবেন না। পরীক্ষার পর পিটিআই কর্তৃপক্ষ কোড নম্বর ব্যবহার করবেন।

৬. পরীক্ষার উত্তরপত্রের কভার পৃষ্ঠা দুই অংশে (বাম ও ডান) বিভক্ত আছে। বাম অংশে পরীক্ষার্থী বা কেন্দ্র কর্তৃপক্ষ কিছুই লিখবেন না। ডান অংশে পরীক্ষার্থী কেন্দ্রের নাম, বিষয়, এ্যাপ্লিকেন্ট আইডি ও সেশন নিজ হস্তে পূরণ করবেন। ডান পাশের অংশে শুধু কেন্দ্রের সীল ব্যবহার করতে হবে।

৭. প্রতি বিষয় পরীক্ষার সময় প্রত্যবেক্ষকগণ মূল উত্তরপত্রের ১ম পৃষ্ঠায় নির্ধারিত স্থানে তারিখসহ স্বাক্ষর করবেন। অতিরিক্ত উত্তরপত্রের ক্রমিক নম্বর মূল উত্তরপত্রের শেষ পৃষ্ঠায় নির্দিষ্ট স্থানে লিখতে হবে। অতিরিক্ত উত্তরপত্রে প্রত্যবেক্ষক স্বাক্ষর করবেন।

৮. **যেসকল মডিউলের সামষ্টিক মূল্যানের জন্য ৩০ (ত্রিশ) নম্বর বরাদ্দ রয়েছে যেক্ষেত্রে ১:৩০ ঘন্টা সামষ্টিক মূল্যায়ন অনুষ্ঠিত হবে এবং যেসকল মডিউলের সামষ্টিক মূল্যায়নের জন্য ২০ (বিশ) নম্বর বরাদ্দ রয়েছে যেক্ষেত্রে ১:০০ ঘন্টা সামষ্টিক মূল্যায়ন অনুষ্ঠিত হবে (পরীক্ষার রুটিন মোতাবেক)।**

৯. **প্রতিদিন দুটি মডিউলের ৫০ (পঞ্চাশ) নম্বরের সামষ্টিক মূল্যায়ন অনুষ্ঠিত হবে এবং ২:৩০ ঘন্টা সময় বরাদ্দ থাকবে (পরীক্ষার রুটিন মোতাবেক। তবে প্রতিটি মডিউলের প্রশ্নপত্র ও উত্তপত্র আলাদা আলাদাভাবে সরবরাহ করতে হবে।**

১০. মূল খাতার সঙ্গে অতিরিক্ত উত্তরপত্র সূতা দিয়ে সেলাই করতে হবে।

১১. প্রত্যেক পরীক্ষা শেষ হওয়ার পরপরই সুপারিনটেনডেন্ট, সহকারী সুপারিনটেনডেন্ট অথবা পরীক্ষা কমিটির বিশ্বস্ত ও দায়িত্বশীল একজন ইন্সট্রাক্টরকে নিয়ে বোর্ড কর্তৃক সরবরাহকৃত কোড নম্বর উত্তরপত্রের প্রথম পৃষ্ঠার নির্ধারিত স্থানে উভয় অংশে নাম্বারিং মেশিন অথবা কালির কলম দিয়ে বসাবেন। অতপর কভার পৃষ্ঠার ডানের অংশ ছিড়ে প্যাকেটে সিলগালার করে সংরক্ষণ করবেন। সকল পরীক্ষা শেষ হওয়ার পরদিনই উত্তরপত্রের সকল বিষয়ের কোড নম্বরের অংশের সবগুলো প্যাকেট পুনরায় একটি বড় প্যাকেটে ভরে সিলগালা করে বিশেষ বাহক মারফত অথবা ২০০/- (দুইশত) টাকার বীমাকৃত পার্সেলে পরীক্ষা নিয়ন্ত্রক, ডিপিএড বোর্ড, নেপ বরাবর প্রেরণ করবেন। প্যাকেটের উপরে "গোলাপ" কথাটি লিখে দিতে হবে।

১২. কোড নম্বর দেয়ার পর উত্তরপত্র যথারীতি প্যকেট করে পরীক্ষা শেষ হওয়ার অব্যবহিত পরে ২০০/- (দুইশত) টাকার বীমাকৃত পার্সেলে নেপ কর্তৃক নির্ধারিত সুপারিনটেনডেন্ট বরাবর ডাকযোগে প্রেরণ করতে হবে।

১৩. সুপারিনটেনডেন্ট কোড নম্বরের সকল প্রকার গোপনীয়তা রক্ষা করবেন। কোড নম্বর বিষয়ক এবং পরীক্ষা সংক্রান্ত সকল প্রকার ভুলত্রুটির জন্য সুপারিনটেনডেন্ট দায়ী থাকবেন।

১৪. সকল পরীক্ষা শেষ হওয়ার পর পরীক্ষার্থীদের স্বাক্ষরলিপি, বিষয়ভিত্তিক টপশিট (এক কপি করে), অনুপস্থিত লিপি, প্রত্যবেক্ষকের স্বাক্ষরলিপি, পরীক্ষা কমিটির রেজুলেশনসহ একটি প্রতিবেদন ১০ নভেম্বর ২০২৬ খ্রি. তারিখের মধ্যে পরীক্ষা নিয়ন্ত্রক, ডিপিএড বোর্ড, নেপ বরাবর প্রেরণ করতে হবে।

১৫. পরীক্ষা সংক্রান্ত যেকোনো প্রয়োজনে জনাব এ কে এম রাফেজ আলম, বিশেষজ্ঞ, নেপ ও ফোকাল পয়েন্ট বিটিপিটি এবং জনাব শাহনাজ নূরুন নাহার, পরীক্ষা নিয়ন্ত্রক, ডিপিএড বোর্ড, নেপ-এর সাথে যোগাযোগ করবেন।

১৬. পরীক্ষা পরিচালনার ক্ষেত্রে পরিমার্জিত ডিপিএড (প্রাথমিক শিক্ষকদের জন্য মৌলিক প্রশিক্ষণ-BTPT) বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৩ এবং মূল্যায়ন নির্দেশনা ২০২৬ যথাযথভাবে অনুসরণ করবেন।

০৯/০৯/২০২৬

(শাহনাজ নূরুন নাহার)
পরীক্ষা নিয়ন্ত্রক
ফোন: ০২৯৯৬৬৬৫৭৯২